Amit Kundu
24/08/19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## Pre-Test Examination (Model Answer)

Sub: BENGALI  Class: 10A/B/C/D  F. M. 75

Duration: 2 HOURS 30 MINUTES  Date: 02.08.2019

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে লেখো ঃ- (১x১৫=১৫)

১.১ বাইজির ছদ্মবেশে হরিদার রোজগার হয়েছিল —
(ক) আট টাকা দশ আনা

১.২ "সিন্ধুতীরে" কাব্যাংশটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?
(খ) পদ্মাবতী

১.৩ ইন্দ্রজিতের স্ত্রীর নাম —
(ঘ) প্রমীলা

১.৪ "বারে, চমৎকার লিখেছে তো" - কথাটি বলেছে —
(ঘ) বাড়ির সকলে

১.৫ 'স্তব্ধ চরাচর' - কারণ —
(ক) অট্টরোলের হট্টগোল

১.৬ যারা ওস্তাদ কলমবাজ তাঁদের বলা হয় —
(খ) ক্যালিগ্রাফিস্ট

১.৭ জগদীশবাবু পেশায় ছিলেন —
(ক) পুলিশ

১.৮ অচেতন কন্যাদের সংখ্যা ছিল —
(ক) পাঁচ

১.৯ আদি ফাউন্টেন পেনের নাম ছিল —
(ক) রিজার্ভার পেন

১.১০ সন্ন্যাসী এসে জগদীশবাবুর বাড়িতে ছিলেন —
(ক) ৭ দিন

১.১১ মেবারের পাহাড় লজ্জায় মুখ ঢাকছে - 'লজ্জায়' পদটির কারক ও বিভক্তি হল —
(ঘ) নিমিত্তকারক - 'য়' বিভক্তি

১.১২ ব্যাকরণগতভাবে 'সমাস' কথাটির অর্থ হল —
(ক) সংক্ষেপ

১.১৩ রবীন্দ্রনাথ 'গীতাঞ্জলি' কাব্যটি লিখেছিলেন - 'গীতাঞ্জলি' হল —
(ক) কর্মকারক

১.১৪ বহুব্রীহি সমাসে প্রাধান্য থাকে —
(ঘ) পূর্বপদ ও পরপদ ভিন্ন তৃতীয় পদের

১.১৫ ব্যাসবাক্যের অপর নাম —
(গ) বিগ্রহ বাক্য

২।　কমবেশি ১৫টি শব্দে উত্তর দাও ঃ-　(১x১৫=১৫)

২.১　'বুকের রক্ত ছলকে ওঠে তপনের।'

— তপনের মাসি মেসো তাদের বাড়িতে বেড়াতে আসে এবং মেসোর হাতে ছিল 'সন্ধ্যাতারা' পত্রিকা, যা দেখে তপনের বুকের রক্ত ছলকে ওঠে।

২.২　'হরিদার কাছে আমরাই গল্প করে বসলাম।' 'আমরা' বলতে কাদের বোঝানো হয়েছে?

— 'আমরা' বলতে ভবতোষ, অনাদি এবং বক্তা লেখক স্বয়ং।

২.৩　অপূর্ব তার বাড়িতে চুরির খবর কখন কাকে দিতে গিয়েছিল?

— অপূর্ব তার বাড়িতে চুরির পরের দিন সকালে থানায় পুলিশে খবর দিতে গিয়েছিল।

২.৪　'কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে' - বক্তার এমন মন্তব্যের কারণ কি?

— পুত্র ইন্দ্রজিতকে সামনে দেখে লঙ্কাধিপতি রাবণ তাকে জানিয়েছিল যে বিধি অর্থাৎ বিধাতা তাঁর প্রতি বাম অর্থাৎ বিরূপ, না হলে কেউ কি কোনোদিন শুনেছে যে শিলাখণ্ড জলে ভেসে থাকে। রামচন্দ্রের সমুদ্রে সেতুবন্ধন প্রসঙ্গে রাবণের এই উক্তি।

২.৫　দুজন সাহিত্যিকের নাম করো যাদের নেশা ছিল ফাউন্টেন পেন সংগ্রহ করা।

— শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, শৈলজানন্দ মুখোপাধ্যায়।

২.৬　'দিব্য পুরী সমুদ্র মাঝার' — দিব্য পুরীর বৈশিষ্ট্য কি ছিল?

— পর্বতের উপরে ফল ও ফুলের বাগান, নানা মনোহর পুষ্প, সুগন্ধি নানা ফলের বৃক্ষ, সেখানে বিচিত্র টঙ্গি, হেমরত্নে রঞ্জিত মনোহর ধাম।

২.৭　'জগৎজুড়ে প্রলয় এবার ঘনিয়ে আসে' — প্রলয় ঘনিয়ে এলে কি হবে?

— জরা, মুমূর্ষদের বিনাশ ঘটবে এই প্রলয়ে।

২.৮　অকারক পদ কাকে বলে?

— কারকের নিয়মের বাইরে 'অ' বিভক্তি এবং সম্বন্ধপদ ও সম্বোধন পদকে 'অকারক পদ' বলে।

২.৯　'চরণ কমলের ন্যায়' - ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

— চরণকমল — উপমিত কর্মধারয় সমাস।

২.১০　রূপক কর্মধারয় সমাস কাকে বলে?

— যে সমাসে পূর্বপদ ও পরপদের মধ্যে অভেদ কল্পনা করে, ব্যাসবাক্যে 'রূপ' শব্দটির ব্যবহার হয়।

২.১১　কোন সমাসে পূর্বপদ ও পরপদের কারও অর্থ প্রাধান্য পায় না?

— বহুব্রীহি সমাস।

২.১২　সম্বোধন পদ কাকে বলে? উদাহরণ দাও।

— কোনো ব্যক্তিকে ডেকে বা সম্বোধন করে যখন কিছু বলা হয়। যেমন — 'ওহে, রাম এদিকে এসো।'

২.১৩　যোগ্যতাহীন একটি বাক্য লেখো।

— রাস্তায় হাঁসগুলি সাঁতরে বেড়াচ্ছে।

২.১৪ অনুসর্গপ্রধান কারক কোন্‌গুলি?

— করণ কারক ও অপাদান কারক।

২.১৫ ‘স-বিশেষ’ - ব্যাসবাক্যসহ সমাস লেখো।

— বিশেষের সহিত বর্তমান। সহার্থক বহুব্রীহি।

## বিভাগ - খ

৩। **কমবেশি ৬০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ-** (৩x২=৬)

১. ‘বাহুরক কন্যার জীবন’ — কোন্ কন্যা? কিভাবে তাদের জীবন বেঁচেছিল?

— পদ্মাবতী। সমুদ্র নৃপতিকন্যা পদ্মার আয়ুর্বেদিক চিকিৎসায় তাদের জীবন বেঁচে ছিল।

২. ‘কাল-ভয়ংকরের বেশে এবার ওই আসে সুন্দর’ — ‘কাল-ভয়ংকর’ বলতে কাকে বোঝানো হয়েছে? কবির এরূপ বক্তব্যের কারণ কি?

— ‘কাল-ভয়ংকর’ বলতে এখানে মহাকালকে বোঝানো হয়েছে। ধ্বংসের মধ্যেই লুকিয়ে থাকে সৃষ্টির বীজ। ভাঙ্গা-গড়ার খেলা চলতেই থাকে জীবনে। তাই প্রলয়কে ভয় না পেয়ে তার জয়ধ্বনি করতে বলেছেন কবি।

৩. ‘এ বারতা, এ অদ্ভুত বারতা’ — বক্তা কে? বক্তা কোন্ বার্তাকে কেন অদ্ভুত বলেছেন?

— বক্তা হলেন ইন্দ্রজিত। ইন্দ্রজিত অবাক হচ্ছেন এই কথা শুনে যে, রামচন্দ্রের হাতে বীরবাহুর মৃত্যু ঘটেছে, কিন্তু নিশারণে তিনি যে রামচন্দ্রকে হত্যা করেছেন ইতিপূর্বে। তাই এই সংবাদকে তার ‘অদ্ভুত বারতা’ বলে মনে হয়েছে।

৪। **যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** (৪x১=৪)

১. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ-

গৃহ হল একটি শিশুর প্রথম বিদ্যালয় যেখানে সে তার প্রথম শিক্ষার পাঠ গ্রহণ করে। সে দেখে, শোনে এবং বাড়িতে শিক্ষার পাঠ নিতে শুরু করে। এই গৃহেই তার চরিত্র তৈরী হয়ে ওঠে। একটি সুন্দর ভাল পরিবেশযুক্ত গৃহে সৎ ও স্বাস্থ্যবান মানুযরা তৈরী হয়ে ওঠে।

২. ‘রক্তদান জীবন দান’ — এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

—প্রতিবেদনের শর্ত ও নিয়ম অনুযায়ী বিষয়ের আলোচনা করবে।

## বিভাগ - গ

৫। **কমবেশি ১৫০ শব্দে যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৫x৫=২৫)**

১. 'নমি পুত্র পিতার চরণে, করজোড়ে কহিলা;' — পিতা ও পুত্রের পরিচয় দাও। পাঠ্যাংশ অবলম্বনে পিতা ও পুত্রের কথোপকথন নিজের ভাষায় লেখো।

- পিতা লঙ্কেশ রাবণ, পুত্র বীরশ্রেষ্ঠ মেঘনাদ তথা ইন্দ্রজিৎ।
- পিতা রাবণ বীরবাহুর মৃত্যুর পর রামচন্দ্রের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করবেন শুনে মেঘনাদ পিতার সমীপে এলে উভয়ের মধ্যে এই কথা হয়েছিল যে, রামচন্দ্র দেবতা অনুগ্রহ পেয়েছেন, না হলে শিলা কখনো জলে ভাসে কেউ শোনেনি।
- পুত্র ইন্দ্রজিৎ পিতাকে যুদ্ধে যেতে বিরত করেন এবং নিজে যুদ্ধে যাবার জন্য পিতাকে অনুরোধ করেন। পিতা রাবণ পুত্রকে সেনাপতি রূপে অভিষিক্ত করেন।

২. 'মুন্সিজী, এই পত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন।' কে, কাকে পত্র লিখেছিলেন? পত্রে লেখা বিষয় নিজের ভাষায় লিখে বক্তব্য পরিস্ফুট করো।

- লর্ড ক্লাইভ ওয়াটসনকে লিখেছিলেন, যেটি ওয়াটসন ওয়াটসকে দিয়েছিলেন।
- কর্ণেল ক্লাইভ যে সৈন্যের কথা উল্লেখ করেছেন তারা শীঘ্র কলকাতায় পৌঁছাবে। তিনি তাড়াতাড়ি আর একখানা জাহাজ মাদ্রাজে পাঠিয়ে সংবাদ দেবেন যে, আরো সৈন্য ও আরো জাহাজ বাংলায় আবশ্যক। বাংলায় তিনি এমন আগুন জ্বালাবেন, যা গঙ্গার সমস্ত জল দিয়েও নিভানো যাবে না।

৩. 'বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে।' - বাবুটি কে? তার সাজ সজ্জার বর্ণনা দাও।

- গিরিশ মহাপাত্র।
- মাথার সামনে বড় চুল, ঘাড় ও কানের দিকে নেই, ছোট করে ছাঁটা, মাথায় চেরা সিঁথি, অপর্যাপ্ত তৈল নিষিক্ত, রুগ্ন শরীর থেকে নিদারুণ নেবুর তেলের গন্ধ বের হচ্ছে। গায়ে জাপানি সিল্কের রামধনু রঙের চুড়িদার পাঞ্জাবি, বুক পকেট থেকে বাঘ আঁকা রুমাল দেখা যাচ্ছে। উত্তরীয় নেই। হাঁটুর উপর লাল ফিতা দিয়ে বাঁধা, বার্ণিশ করা পাম্প সু, লোহার নাল লাগানো, হাতে হরিণের শিঙের হাতল দেওয়া বেতের ছড়ি।

৪. জগদীশবাবুর বাড়ি হরিদা বিরাগী সেজে যাওয়ার পর যে ঘটনা ঘটেছিল তা বর্ণণা করো।

- বিরাগীরূপী হরিদা জগদীশবাবুর বাড়ি এলেন, তার অর্থের দম্ভের জন্য তাকে ভর্ৎসনা করলেন।
- আধ্যাত্মিক বহু জ্ঞান গম্ভীর কথা বললেন।
- জগদীশবাবু বিমূঢ় হয়ে বিরাগীকে একশো এক টাকার থলিটা দিতে গেলে তিনি তা প্রত্যাখ্যান করে চলে গেলেন।

৫. কোনির পারিবারিক জীবনের পরিচয় দাও।

- অত্যন্ত দরিদ্র পরিবারের সন্তান।

- কোনিরা সাত ভাই-বোন। মেজো ভাই ট্রেনের তারের শকে মারা গেছে, সেজো ভাই কাঁচরাপাড়ায় পিসির বাড়ি থাকে। কোনি আর দুই বোন, এক ভাই। দাদা কমল রাজাবাজারে একটা মোটর গ্যারেজে কাজ করে। ওভারটাইম করে দেড়শ টাকা পায়, তাতে সংসার চলে, থাকে শ্যামপুকুর বস্তিতে।

৬. 'পঞ্চকন্যা পাইলা চেতন!' 'পঞ্চকন্যা' কারা? তারা কিভাবে চেতনা পেল, 'সিন্ধুতীরে' কবিতা অবলম্বনে লেখো।

- সৈয়দ আলাওলের 'সিন্ধু তীরে' কবিতার পদ্মাবতী ও তার চার সখী।
- অচেতন পাঁচ সখীকে আয়ুর্বেদ চিকিৎসায় সমুদ্রকন্যা পদ্মা চেতনা ফিরিয়ে সুস্থ করে তোলেন।

৬। **প্রবন্ধ রচনা করো ঃ- (কমবেশি ৪০০ শব্দে) (যে কোনো একটি)** **(১x১০=১০)**

- প্রতিটি প্রবন্ধ ভূমিকা ও উপসংহার সহযোগে লিখবে।
- প্রতিটি প্রবন্ধের বিষয় অনুযায়ী অনুচ্ছেদ বিভাজন করে লিখবে।

***************